গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[আয়কর]

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং **১৩২-আইন/আয়কর/২০১৯**।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, স্বর্ণ নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ২ এর দফা (ক) তে সংজ্ঞায়িত অনুমোদিত ডিলার এবং অনুচ্ছেদ ৩.৭ এর শর্ত পূরণ সাপেক্ষে, কোনো স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারী কর্তৃক অঘোষিত ও মজুদকৃত এবং উক্ত নীতিমালার আওতায় ঘোষিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড্ ডায়মন্ড এবং রৌপ্যের উপর প্রদেয়

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

আয়কর হ্রাস করিয়া নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে প্রতি ভরি স্বর্ণ ও স্বর্ণালঙ্কারের জন্য এক হাজার টাকা, প্রতি ক্যারেট কাট ও পোলিশড্ ডায়মন্ডের জন্য ছয় হাজার টাকা, প্রতি ভরি রৌপ্যের জন্য পঞ্চাশ টাকা নির্ধারণ করিল, যথা:-

শর্তসমূহ

(ক) সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীকে Taxpayer's Identification Number (TIN) গ্রহণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে;

(খ) সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীকে ৩০ জুন, ২০১৯ তারিখের মধ্যে অঘোষিত এবং মজুদকৃত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড্ ডায়মন্ড এবং রৌপ্য সম্পর্কে ঘোষণা প্রদান করিয়া উল্লিখিত হারে কর পরিশোধ করিতে হইবে;

(গ) এই প্রজ্ঞাপনের আওতায় ঘোষিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড্ ডায়মন্ড এবং রৌপ্যের বিস্তারিত তথ্য ও কর পরিশোধের চালান সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীর আয়কর রিটার্নের সহিত দাখিল করিতে হইবে; এবং

(ঘ) এই প্রজ্ঞাপনের আওতায় ঘোষিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড্ ডায়মন্ড এবং রৌপ্যের পরিমাণ সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীর ব্যবসার হিসাব বহিতে পৃথকভাবে মজুদ (Inventory) লিপিবদ্ধ করিতে হইবে উক্ত মজুদ (Inventory) হইতে বিক্রয়ের পরিমাণ (ভরি/ক্যারেট) ও মূল্য সংক্রান্ত তথ্য আয়কর রিটার্নের সহিত দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনের আওতায় ঘোষিত এবং কর পরিশোধিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড্ ডায়মন্ড এবং রৌপ্যের অর্জনমূল্য এবং অর্জনকালের উপর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোনোরূপ প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৩। এই প্রজ্ঞাপন ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner